উন্নয়নের যাত্রায় বাংলাদেশ

ট্রিলিয়ন ডলারের অর্থনীতি গঠনে কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টিং (সিএমএ) পেশার ভূমিকা

পর্ব ১০/২৭ পরোক্ষ ব্যয় বা ওভারহেড (BCAS 3, 4, 5 ও 6)

Md. Keramot Ali FCMA

Executive Director, CFO & Company Secretary, BLING Leather Products Ltd. · Fellow, ICMAB

মোবাইল: 01716150180

শেখার লক্ষ্য (Learning Objectives)

এই পর্বে আপনি যা জানবেন

১ ওভারহেড কী, কস্ট পুল কীভাবে সাজাবেন (BCAS 4)

২ সঠিক বণ্টন ভিত্তি বা কস্ট ড্রাইভার বাছাই (BCAS 3)

৩ কোন ধারণক্ষমতায় ওভারহেড হার ঠিক করবেন (BCAS 5)

৪ সাপোর্ট বিভাগের ব্যয় বণ্টন ও ৬টি উদাহরণ (BCAS 6)

শুরুর প্রশ্ন

একই কারখানা, একই খরচ — তবু দুই পণ্যের দাম উল্টে যায় কেন?

মেশিননির্ভর পণ্য
কাটিং মেশিনে বেশি সময় লাগে, শ্রম কম

শ্রমনির্ভর পণ্য
হাতে সেলাই বেশি, মেশিন সময় কম

একটি হারে সব ওভারহেড
শ্রমঘণ্টায় ভাগ করলে মেশিনের খরচ চলে যায় শ্রমনির্ভর পণ্যে

BCAS 3: সঠিক বণ্টন ভিত্তি **"transforms all indirect costs into direct"** — ভুল ভিত্তি মানে ভুল দাম (অনুচ্ছেদ ৩.১)। উদাহরণ ৬-এ সংখ্যায় দেখব।

উৎস: BCAS 3, ICMAB (২০১৪)

Prepared by: Md. Keramot Ali FCMA

চার স্ট্যান্ডার্ড, এক প্রবাহ

ওভারহেড কীভাবে পণ্যের ব্যয়ে পৌঁছায়

১

সংগ্রহ (Acquisition)

খরচের প্রকৃতি ও উদ্দেশ্য অনুযায়ী রেকর্ড থেকে সংগ্রহ — BCAS 4

২

বরাদ্দ (Allocation)

যে খরচ একটি কস্ট সেন্টারের, তা সরাসরি সেখানে — BCAS 4

৩

বিভাজন (Apportionment)

যৌথ খরচ ন্যায্য ভিত্তিতে কস্ট সেন্টারে; সাপোর্ট বিভাগ থেকে উৎপাদন বিভাগে — BCAS 3, 6

৪

শোষণ (Absorption)

উৎপাদন বিভাগের হারে পণ্য বা সেবায় — BCAS 5

✓ চারটিই কার্যকর **১ জানুয়ারি ২০১৫** থেকে। পরিধি অনুচ্ছেদ (৩.৩.৩, ৪.৩.৩, ৫.৩.৪, ৬.৩.৩): সরকারি গেজেটে কস্ট অডিট বাধ্যতামূলক এমন পাবলিক লিমিটেড কোম্পানি অনুসরণ করবে — আইনি ভিত্তি কোম্পানি আইন ১৯৯৪-এর ধারা ২২০ অনুযায়ী সরকারি আদেশ।

উৎস: BCAS 4, ICMAB (২০১৪) · অনুচ্ছেদ ৪.৬.১

Prepared by: Md. Keramot Ali FCMA

BCAS 3, 4 ও 6 · মূল সংজ্ঞা

ওভারহেডের ছয়টি মূল পরিভাষা

পরিভাষা ও অনুচ্ছেদ	অর্থ (সংক্ষেপে)
পরোক্ষ ব্যয় · ৪.৫.১	একাধিক কস্ট অবজেক্ট যৌথভাবে ব্যবহার করে বলে সরাসরি চিহ্নিত করা কঠিন; বণ্টন লাগে — যেমন বিজ্ঞাপন, রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা, তদারকি
কার্যভিত্তিক · ৪.৫.২	উৎপাদন বা কারখানা, প্রশাসনিক, এবং বিপণন (বিক্রয় ও বিতরণ)
আচরণভিত্তিক · ৪.৫.৩	পরিবর্তনশীল, আধা-পরিবর্তনশীল ও স্থায়ী
কস্ট পুল · ৩.৫.৪	একই কারণে সম্পদ ব্যবহার করে এমন পরোক্ষ ব্যয়ের গুচ্ছ — প্রাথমিক, মধ্যবর্তী ও চূড়ান্ত
কস্ট ড্রাইভার · ৩.৫.৬	যে কার্যক্রম ব্যয় ঘটায় — লেনদেন, সময়কাল ও তীব্রতাভিত্তিক
সাপোর্ট বিভাগ · ৬.৫.৩	অন্য বিভাগকে সেবা দেয় — যেমন রক্ষণাবেক্ষণ, বিদ্যুৎ, মান নিয়ন্ত্রণ, স্টোর

উৎস: BCAS 3–6, ICMAB খণ্ড ১ (২০১৪)

Prepared by: Md. Keramot Ali FCMA

কস্ট পুল, দুই ধাপের বণ্টন ও শোষণ ভিত্তি

কস্ট পুলের সংখ্যা · ৪.৬.৩
প্রেক্ষাপটনির্ভর; তবে **৫টির কম** সাধারণত অপর্যাপ্ত, **৫০টির বেশি** সম্ভবত অতিরিক্ত

এক বা বহু ধাপ · ৪.৬.৪–৪.৬.৬
রক্ষণাবেক্ষণের মতো বিভাগ অন্য বিভাগকেও সেবা দিলে বহু ধাপের পদ্ধতি লাগে

প্রাথমিক ও মাধ্যমিক বণ্টন · ৪.৬.১২
আগে উৎপাদন ও সেবা কেন্দ্রে, তারপর সেবা কেন্দ্র থেকে উৎপাদন কেন্দ্রে

একাধিক ড্রাইভার · ৪.৬.১৯
সম্ভব হলে শুধু মেশিন ঘণ্টা নয় — একাধিক ড্রাইভার পছন্দনীয়

শোষণের সাধারণ ভিত্তি · ৪.৬.১৮

ভিত্তি	কখন উপযুক্ত
উৎপাদিত একক	একক পণ্য, বা একই ধরনের একাধিক পণ্য
প্রত্যক্ষ উপকরণ ব্যয়	ওভারহেড মূলত উপকরণ-সম্পর্কিত
প্রত্যক্ষ কর্মী ব্যয়	শ্রমঘন প্রক্রিয়া, মজুরি হার প্রায় সমান
প্রত্যক্ষ শ্রমঘণ্টা	শ্রমঘন রূপান্তর প্রক্রিয়া
মেশিন ঘণ্টা ও অনুরূপ	উৎপাদন মূলত মেশিন বা সুবিধানির্ভর

Prepared by: Md. Keramot Ali FCMA

BCAS 3 · Cost Allocation Bases · অনুচ্ছেদ ৩.৬

বণ্টন ভিত্তি বাছাইয়ের নিয়ম

কারণ-ফল সম্পর্ক · ৩.৬.৬
ভিত্তি প্রতিফলিত করবে সম্পদের ব্যবহার আর সম্পদের ব্যয়ের মধ্যে অনুমিত কারণ-ফল সম্পর্ক

কীভাবে খুঁজবেন · ৩.৬.৭
পরিসংখ্যানিক বিশ্লেষণ বা ব্যয়ের প্রক্রিয়া পর্যবেক্ষণ করে

চাহিদার তীব্রতা · ৩.৬.২–৩.৬.৩
যে কস্ট অবজেক্ট যত বেশি ধারণক্ষমতা ব্যবহার করে, তার ভাগ তত বেশি

তিন ধরনের ড্রাইভার · ৩.৬.৮
লেনদেন (কতবার), সময়কাল (কত সময়), তীব্রতা (মিশ্র) — কোনোটিকে অগ্রাধিকার নয়

অলস ধারণক্ষমতা · ৩.৬.৪, ৩.৬.১২
প্রাপ্য ধারণক্ষমতায় বণ্টন; অতিরিক্ত ও অলস ক্ষমতার ব্যয় আলাদা করে কস্ট স্টেটমেন্টে **পিরিয়ড কস্ট**; আর্থিক বিবরণীতে IAS 2-ও প্রযোজ্য

ইউটিলিটিতে · ৩.৬.৯–৩.৬.১০
পিক রেসপন্সিবিলিটি, নন-কোইনসিডেন্ট ডিমান্ড ও ফ্যান্টম কাস্টমার পদ্ধতি

Prepared by: Md. Keramot Ali FCMA

ওভারহেড হার = ধারণক্ষমতা-সম্পর্কিত ব্যয় ÷ ড্রাইভারের কর্মমাত্রা

ধারণক্ষমতার তিন স্তর · ৫.৫.২

স্তর	অর্থ
তাত্ত্বিক (Theoretical)	সর্বোচ্চ সম্ভাব্য ধারণক্ষমতা
ব্যবহারিক (Practical)	তাত্ত্বিক − প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ
স্ট্যান্ডার্ড (Standard)	ব্যবহারিক − চাহিদা ওঠানামাজনিত অলস সময় (দক্ষ ব্যবস্থাপনায়)

লব (Numerator) · ৫.৬.১
প্রকৃত নয়, বাজেটকৃত বা স্ট্যান্ডার্ড ব্যয় — পূর্বনির্ধারিত হার

হর (Denominator) · ৫.৬.২
স্ট্যান্ডার্ড ধারণক্ষমতা — নিজের অতীত নয়, সর্বোত্তম চর্চার ভিত্তিতে

কস্ট অবজেক্টে · ৫.৬.৩–৫.৬.৪
প্রকৃত ব্যবহৃত নয়, কাজের জন্য স্ট্যান্ডার্ড অনুমোদিত ঘণ্টা × হার

Prepared by: Md. Keramot Ali FCMA

উদাহরণ ১ · কোন ধারণক্ষমতায় হার? — BCAS 5, পরিশিষ্ট 5A

একই মেশিন, পাঁচ হর, পাঁচ রকম হার

একটি মেশিনের বাজেটকৃত স্থায়ী ব্যয় বছরে **৩,০০,০০০ টাকা** (চালনার পরিবর্তনশীল ব্যয় ৪০০ টাকা/ঘণ্টা প্রত্যক্ষ ব্যয়, হারে নয়)।

হরের ভিত্তি	মেশিন ঘণ্টা	হার (টাকা/ঘণ্টা)	মন্তব্য
পরিকল্পিত কর্মমাত্রা	২,৭০০	১১১.১১	বাতিল — বছরে বছরে হার ওঠানামা
প্রত্যাশিত গড় কর্মমাত্রা	২,৮০০	১০৭.১৪	অলস ক্ষমতার ব্যয় লুকায়
তাত্ত্বিক ধারণক্ষমতা	৩,০০০	১০০.০০	অবাস্তবভাবে কম হার
ব্যবহারিক ধারণক্ষমতা	২,৯১০	১০৩.০৯	দুই পদ্ধতিরই দুর্বলতা
স্ট্যান্ডার্ড ধারণক্ষমতা	২,৮৫০	১০৫.২৬	BCAS 5-এর সুপারিশ

স্ট্যান্ডার্ড ধারণক্ষমতা = তাত্ত্বিকের ৯৫%: রক্ষণাবেক্ষণে ৩% ও চাহিদা ওঠানামায় ২% বাদ।

Prepared by: Md. Keramot Ali FCMA

উদাহরণ ২ ও ৩ · পূর্বনির্ধারিত হার প্রয়োগ — BCAS 5 ও BCAS 3

কম শোষণ কেন হলো, আর অলস ক্ষমতার দায় কার

উদাহরণ ২

বছর শেষে হিসাব — ৫.৬.৩, পরিশিষ্ট 5A

কাজের জন্য স্ট্যান্ডার্ড অনুমোদিত ঘণ্টা	২,৮৭৫
শোষিত: ২,৮৭৫ × ১০৫.২৬	৩,০২,৬৩২ টাকা
প্রকৃত স্থায়ী ব্যয়	৩,১০,০০০ টাকা
কম শোষিত ওভারহেড	৭,৩৬৮ টাকা

বিশ্লেষণ: ব্যয় বাজেটের চেয়ে **১০,০০০ বেশি** (প্রতিকূল), কিন্তু দক্ষ ক্ষমতা ব্যবহারে **২,৬৩২ সাশ্রয়** (অনুকূল)।

উদাহরণ ৩

চাহিদা কমলে — ৩.৬.১২

প্রাপ্য (স্ট্যান্ডার্ড) ধারণক্ষমতা	২,৮৫০ ঘণ্টা
মন্দায় প্রকৃত ব্যবহার	২,২৮০ ঘণ্টা
পণ্যে শোষিত: ২,২৮০ × ১০৫.২৬	২,৪০,০০০ টাকা
অলস ক্ষমতা — পিরিয়ড কস্ট	৬০,০০০ টাকা

হার না বাড়িয়ে অলস ক্ষমতার ৬০,০০০ টাকা **পিরিয়ড কস্ট** — ক্রেতার দামে চাপে না।

গণনায় পূর্ণ দশমিক হার (১০৫.২৬৩১৫৮) ব্যবহার করা হয়েছে; প্রদর্শিত হার দুই দশমিক স্থানে রাউন্ড করা। এটি BCAS অনুযায়ী কস্ট স্টেটমেন্টের হিসাব; আর্থিক বিবরণীতে ইনভেন্টরি মূল্যায়নে IAS 2-এর অনুচ্ছেদ ১৩-ও বিবেচ্য।

BCAS 6 · Support Department Costs · অনুচ্ছেদ ৬.৬

সাপোর্ট বিভাগের ব্যয় — পরিমাপ ও বণ্টনের নিয়ম

পরিমাপ · প্রতিটি বিভাগ আলাদা কস্ট অবজেক্ট

- ঋণের সুদ সাপোর্ট বিভাগের ব্যয়ে নয় · ৬.৬.১(চ)
- আরোপিত ব্যয় নয় · ৬.৬.১(ছ)
- স্বাভাবিক বা প্রকৃত ধারণক্ষমতার যেটি বেশি; অশোষিত অংশ অস্বাভাবিক · ৬.৬.১(ঞ)
- স্ট্যান্ডবাই সেবায় রক্ষণাবেক্ষণের committed cost · ৬.৬.১(ঞ)
- বাইরে সেবা বিক্রির আদায় বাদ · ৬.৬.১(ঠ)

স্থায়ী (committed) ব্যয় · ৬.৬.৪

পরিকল্পিত ধারণক্ষমতা ব্যবহারের ভিত্তিতে বণ্টন

পরিবর্তনশীল (flexible) ব্যয় · ৬.৬.৫

প্রকৃত ব্যবহারের ভিত্তিতে বণ্টন

বহু ধাপ · ৬.৬.১০

নথিভুক্ত প্রমাণ না থাকলে বহু ধাপের পদ্ধতি বাধ্যতামূলক

পারস্পরিক পদ্ধতি · ৬.৬.১৩

বিকৃতি কমায় — অবাস্তব না হলে এটিই ব্যবহার করুন

উৎস: BCAS 6, ICMAB (২০১৪) · অনুচ্ছেদ ৬.৬

Prepared by: Md. Keramot Ali FCMA

উদাহরণ ৪ · রক্ষণাবেক্ষণ বিভাগের দ্বৈত হার — অনুচ্ছেদ ৬.৬.৪–৬.৬.৫

স্থায়ী ব্যয় পরিকল্পনায়, পরিবর্তনশীল ব্যয় প্রকৃত ব্যবহারে

স্থায়ী ব্যয় ৬,০০,০০০ টাকা (পরিকল্পিত ব্যবহার কাটিং ৬০% : সেলাই ৪০%); পরিবর্তনশীল ব্যয় ২০০ টাকা/ঘণ্টা; প্রকৃত সেবা কাটিং ১,২০০ ও সেলাই ৩০০ ঘণ্টা।

বিবরণ	কাটিং	সেলাই
স্থায়ী অংশ — পরিকল্পিত ব্যবহারে	৩,৬০,০০০	২,৪০,০০০
পরিবর্তনশীল অংশ — প্রকৃত ঘণ্টায়	২,৪০,০০০	৬০,০০০
দ্বৈত হারে মোট	৬,০০,০০০	৩,০০,০০০
একক হারে (৯,০০,০০০ ÷ ১,৫০০ = ৬০০/ঘণ্টা)	৭,২০,০০০	১,৮০,০০০

একক হারে সেলাই বিভাগের ভাগ নির্ভর করে **কাটিং কত সেবা নিল** তার ওপর — দ্বৈত হার এই বিকৃতি দূর করে।

উদাহরণ ৫ · তিন পদ্ধতিতে সাপোর্ট বিভাগের ব্যয় — অনুচ্ছেদ ৬.৬.১১–৬.৬.১৩

বিদ্যুৎ ও রক্ষণাবেক্ষণ: একে অপরকেও সেবা দেয়

তথ্য (টাকা)

বিদ্যুৎ ৪,০০,০০০ → রক্ষণাবেক্ষণ ২০%, কাটিং ৫০%, সেলাই ৩০%

রক্ষণাবেক্ষণ ৩,০০,০০০ → বিদ্যুৎ ১০%, কাটিং ৬০%, সেলাই ৩০%

পারস্পরিক সমীকরণ: বিদ্যুৎ = ৪,০০,০০০ + ০.১ × রক্ষণাবেক্ষণ; রক্ষণাবেক্ষণ = ৩,০০,০০০ + ০.২ × বিদ্যুৎ

সমাধান: বিদ্যুৎ **৪,৩৮,৭৭৬** · রক্ষণাবেক্ষণ **৩,৮৭,৭৫৫**

পদ্ধতি	কাটিং	সেলাই
প্রত্যক্ষ (Direct)	৪,৫০,০০০	২,৫০,০০০
ধাপে ধাপে (Step-down)	৪,৫৩,৩৩৩	২,৪৬,৬৬৭
পারস্পরিক (Reciprocal)	৪,৫২,০৪১	২,৪৭,৯৫৯

তিন পদ্ধতিতেই মোট ৭,০০,০০০ টাকা; পার্থক্য **কোন বিভাগ কতটা পায়** তাতে। পারস্পরিক পদ্ধতি সেবার আদান-প্রদান পুরোপুরি ধরে। অঙ্ক পূর্ণ টাকায় রাউন্ড করা।

উদাহরণ ৬ · একক হার বনাম বিভাগভিত্তিক হার — BCAS 3 ও 4

ভুল ভিত্তিতে দুই পণ্যের ব্যয় উল্টে যায়

বিভাগ (মোট ওভারহেড)	ভিত্তি	হার
কাটিং: ১৪,৫২,০৪১	২০,০০০ মেশিন ঘণ্টা	৭২.৬০
সেলাই: ১৪,৪৭,৯৫৯	৫০,০০০ শ্রমঘণ্টা	২৮.৯৬
একক কারখানা হার: ২৯,০০,০০০	৬০,০০০ শ্রমঘণ্টা	৪৮.৩৩

প্রতি ১০০ জোড়া — পণ্য A: কাটিং ৪০ মেশিন ঘণ্টা ও ১০ শ্রমঘণ্টা, সেলাই ৬০ শ্রমঘণ্টা। পণ্য B: কাটিং ১০ মেশিন ঘণ্টা ও ৫ শ্রমঘণ্টা, সেলাই ৯০ শ্রমঘণ্টা। গণনায় পূর্ণ দশমিক হার ব্যবহৃত; প্রদর্শিত হার দুই দশমিকে রাউন্ড করা।

প্রতি ১০০ জোড়ায় ওভারহেড	পণ্য A	পণ্য B
বিভাগভিত্তিক হারে	৪,৬৪২	৩,৩৩২
একক শ্রমঘণ্টা হারে	৩,৩৮৩	৪,৫৯২
বিকৃতি	−১,২৫৯	+১,২৬০

একক হারে মেশিননির্ভর A **সস্তা** আর শ্রমনির্ভর B **দামি** দেখায় — ভুল দামে অর্ডার নেওয়া বা হারানোর ঝুঁকি।

উৎস: BCAS 3, ICMAB (২০১৪) · BCAS 4, ICMAB (২০১৪) · অনুচ্ছেদ ৩.৬.৬, ৪.৬.১৮, ৪.৬.২২

Prepared by: Md. Keramot Ali FCMA

রেকর্ডিং ও প্রকাশ (Recording & Reporting)

কস্ট স্টেটমেন্টে ওভারহেড নিয়ে কী প্রকাশ করবেন

BCAS 3 · ৩.৭.২

প্রতিটি কস্ট পুলের বণ্টন ভিত্তি; স্ট্যান্ডার্ড হারে বাজেট ব্যয় ও কর্মমাত্রা; পিরিয়ড কস্ট হিসেবে নেওয়া অতিরিক্ত ও অলস ক্ষমতার ব্যয়

BCAS 4 · ৪.৭.১, ৪.৭.৫

উৎপাদন, প্রশাসন, বিক্রয় ও বিতরণ আলাদা শিরোনামে; সম্পর্কিত পক্ষ, ভর্তুকি, আদায়, অস্বাভাবিক অংশ ও বাদ দেওয়া জরিমানা

BCAS 5 · ৫.৭.২–৫.৭.৪

হার ধারাবাহিকভাবে প্রয়োগ; হারের পরিবর্তনে উল্লেখযোগ্য প্রভাব থাকলে প্রকাশ

BCAS 6 · ৬.৭.১–৬.৭.২

প্রতিটি সেবা আলাদা শিরোনামে; বণ্টন ভিত্তি, বাইরে বিক্রয়, পার্থক্য, সম্পর্কিত পক্ষ, বৈদেশিক মুদ্রা, ভর্তুকি, আদায়, অস্বাভাবিক ব্যয় ও জরিমানা

সব স্ট্যান্ডার্ডে: নীতি পরিবর্তনের উল্লেখযোগ্য প্রভাব প্রকাশ; শুধু উল্লেখযোগ্য হলে; মূল অংশে, টীকায় বা আলাদা তফসিলে।

উৎস: BCAS 3–6, ICMAB খণ্ড ১ (২০১৪) · অনুচ্ছেদ ৩.৭, ৪.৭, ৫.৭, ৬.৭

Prepared by: Md. Keramot Ali FCMA

মূল ইস্যু (Key Issues)

যেখানে বিচার-বিবেচনা লাগে

এক হারে পুরো কারখানা
মেশিন ও শ্রমনির্ভর বিভাগ এক পুলে মেশালে পণ্যের ব্যয় বিকৃত হয় (৪.৬.২২)

কস্ট পুলের সংখ্যা
৫টির কম অপর্যাপ্ত, ৫০টির বেশি অতিরিক্ত — উপকার বনাম খরচ বিচার (৪.৬.৩, ৪.৬.৯)

হরের পছন্দ
পরিকল্পিত কর্মমাত্রা নয়, স্ট্যান্ডার্ড ধারণক্ষমতা (৫.৬.২)

অলস ক্ষমতা
মন্দায় হার বাড়িয়ে ক্রেতার ঘাড়ে নয় — কস্ট স্টেটমেন্টে আলাদা করে পিরিয়ড কস্ট ও প্রকাশ (৩.৬.১২, ৩.৭.২); আর্থিক বিবরণীতে IAS 2 অনু. ১৩

সাপোর্ট বিভাগের আদান-প্রদান
পারস্পরিক সেবা বেশি হলে পারস্পরিক পদ্ধতি (৬.৬.১৩)

চুক্তি ও নিয়ন্ত্রক
কস্ট-প্লাস চুক্তিতে হারের ভিত্তি আগেই লিখিতভাবে ঠিক করুন (৫.৬.৮)

উৎস: BCAS 3–6, ICMAB খণ্ড ১ (২০১৪)

Prepared by: Md. Keramot Ali FCMA

আঞ্চলিক সর্বোত্তম চর্চা

একই নীতি প্রতিবেশী দেশের কস্ট স্ট্যান্ডার্ডেও

ভারত — ICMAI CAS-3 (Revised 2015)

পরিবর্তনশীল উৎপাদন ওভারহেড প্রকৃত ব্যবহারে, স্থায়ী ওভারহেড স্বাভাবিক ধারণক্ষমতায় শোষণ (৬.৩)

কম বা বেশি শোষণ রিকনসিলিয়েশনে (৭.৩); অশোষিত ওভারহেড প্রকাশ (৮.১)

সুদ, আরোপিত ব্যয় ও জরিমানা ওভারহেডে নয় (৫.৪, ৫.৫, ৫.৮)

পাকিস্তান — ICMA CAS-05 ও CAS-17

CAS-05 Cost of Production Overheads: প্রাথমিক ও মাধ্যমিক বণ্টন (৭.১, ১০.১–১০.২)

মাধ্যমিক বণ্টনে পারস্পরিক (পুনরাবৃত্ত বণ্টন বা যুগপৎ সমীকরণ) বা অ-পারস্পরিক পদ্ধতি (১০.২.১–১০.২.২)

সেবা ব্যয় বণ্টনে আলাদা স্ট্যান্ডার্ড CAS-17

শিক্ষা: অব্যবহৃত ক্ষমতার খরচ পণ্যে না চাপানো আর কারণ-ফলভিত্তিক বণ্টন — অঞ্চলজুড়ে **একই পেশাগত ভাষা**।

উৎস: ICMAI CAS-3 (Revised 2015) · ICMA Pakistan CAS Booklet v2020

Prepared by: Md. Keramot Ali FCMA

কে উপকৃত হয়?

সঠিক ওভারহেড বণ্টন — সবার লাভ

উদ্যোক্তা
পণ্যভিত্তিক প্রকৃত ব্যয়ে দাম, পণ্য মিশ্রণ ও তৈরি-না-কেনার সিদ্ধান্ত

ক্রেতার সাথে দর-কষাকষি
অলস ক্ষমতার খরচ বাদ দিয়ে প্রতিযোগিতামূলক ও ন্যায্য দাম

সরকার ও নিয়ন্ত্রক
ট্যারিফ, কস্ট-প্লাস চুক্তি ও উপকরণ-উৎপাদ সহগে নির্ভরযোগ্য তথ্য

ব্যাংক ও বিনিয়োগকারী
কোন বিভাগ বা পণ্য লাভজনক, পরিষ্কারভাবে বোঝা যায়

কস্ট অডিটর
প্রকাশিত ভিত্তি ও হার থেকে যাচাই সহজ

CMA পেশাজীবী
কস্ট পুল ও ড্রাইভার নকশায় বিশেষজ্ঞতা — ERP কস্টিংয়ের মূল কাজ

উৎস: BCAS 3–6, ICMAB খণ্ড ১ (২০১৪)

Prepared by: Md. Keramot Ali FCMA

মূল শিক্ষা (Key Takeaways)

পাঁচটি কথা মনে রাখুন

১

ওভারহেড: সংগ্রহ → বরাদ্দ → বিভাজন → শোষণ।

২

বণ্টন ভিত্তি = ব্যয়ের প্রকৃত কারণ; ভিন্ন ড্রাইভার এক পুলে নয়।

৩

হার: বাজেটকৃত ব্যয় ÷ স্ট্যান্ডার্ড ধারণক্ষমতা।

৪

অলস ক্ষমতার ব্যয় আলাদা করে দেখান — পণ্যের দামে নয়।

৫

সাপোর্ট বিভাগ: বহু ধাপ, সম্ভব হলে পারস্পরিক পদ্ধতি।

পরের পর্ব · ১১/২৭ যা জানবেন

ধারণক্ষমতা নির্ধারণ (BCAS 28)

স্থাপিত (Installed) ধারণক্ষমতা

স্বাভাবিক (Normal) ধারণক্ষমতা

প্রকৃত (Actual) ব্যবহার

অব্যবহৃত ক্ষমতার খরচ পণ্যে না চাপানো

মূল্য নির্ধারণে প্রভাব

৫+ বাস্তব উদাহরণ

রেফারেন্স ও যোগাযোগ

উৎস তালিকা

১. ICMAB — BCAS 3 Cost Allocation Bases, BCAS 4 Indirect Costs, BCAS 5 Indirect Cost Rates, BCAS 6 Support Department Costs (খণ্ড ১, ২০১৪; কার্যকর ১ জানুয়ারি ২০১৫)

২. Institute of Cost Accountants of India (CASB) — CAS-3 Production and Operation Overheads (Revised 2015), অনু. ৫, ৬, ৭, ৮

৩. ICMA Pakistan — CAS Booklet v2020: CAS-02, CAS-05 Cost of Production Overheads, CAS-17

৪. IAS 2 Inventories, অনুচ্ছেদ ১৩ (বাংলাদেশে FRC কর্তৃক গৃহীত); কোম্পানি আইন ১৯৯৪, ধারা ২২০

৫. পূর্ববর্তী পর্ব: BCAS 1 (পর্ব ৭), BCAS 25 ও 26 (পর্ব ৯)

প্রশ্ন ও পরামর্শের জন্য

Md. Keramot Ali FCMA

Executive Director, CFO & Company Secretary, BLING Leather Products Ltd. · Fellow, ICMAB

মোবাইল: 01716150180

⚠ **ডিসক্লেইমার:** এই উপস্থাপনাটি শুধুমাত্র শিক্ষামূলক উদ্দেশ্যে প্রস্তুত। স্ট্যান্ডার্ডের উদ্ধৃতি সংক্ষেপিত; পূর্ণ পাঠ ICMAB থেকে দেখুন। উদাহরণ ১ ও ২-এর তথ্য BCAS 5-এর পরিশিষ্ট থেকে, অন্য উদাহরণের সংখ্যা ধরে নেওয়া। নির্দিষ্ট সিদ্ধান্তের আগে সংশ্লিষ্ট পেশাজীবীর পরামর্শ নিন।